

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।

www.acl.austagram.kishoreganj.gov.bd

স্মারক নম্বর: ৩১.৪১.৪৮০২.০০০.৯৯.০০১.২০২১- ২০

তারিখঃ ০৭ মাঘ ১৪৩০
২১ জানুয়ারী ২০২৪


গণবিজ্ঞপ্তি

বিষয়ঃ অর্পিত সম্পত্তির ইজারা/ভাড়ার অর্থ (লীজমানি) পরিশোধ সংক্রান্ত।

এতদ্বারা অষ্টগ্রাম উপজেলার “ক” তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির ইজারা/ভাড়া গ্রহীতাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিবছর যথাসময়ে অর্পিত সম্পত্তির ইজারা/ভাড়ার অর্থ পরিশোধ করে ইজারা নবায়ন করার আইনি বিধান রয়েছে। যে সকল ইজারা গ্রহীতাদের ইজারা/ভাড়ার অর্থ ০১ (এক) বছর বা তার অধিক বকেয়া রয়েছে তাদেরকে বকেয়াসহ হাল সম পর্যন্ত ইজারা/ভাড়ার অর্থ পরিশোধ পূর্বক ইজারা নবায়নের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ইজারা/ভাড়ার অর্থ পরিশোধ ব্যর্থ হলে বা গ্রহীতা কোনরূপ শর্ত ভঙ্গ করলে ইজারা/ভাড়া বাতিল করা হবে যার ফলশ্রুতিতে উক্ত অর্পিত সম্পত্তিতে আপনি/আপনাদের দখল স্বত্ব বা উহা ধরে রাখার অধিকার হারাবেন। এছাড়াও অর্পিত সম্পত্তির যথাযথ সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে আপনি/ আপনাদেরকে উক্ত সরকারী ভূমি হতে উচ্ছেদপূর্বক সংশ্লিষ্ট ভূমি সরকারের দখলে আনয়নসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

জনস্বার্থে বিজ্ঞপ্তি জারী করা হলো।


২০২১/২৪

(মোঃ উবায়দুর রহমান সাহেল)
সহকারী কমিশনার (ভূমি)
অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য:-

- ০১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ০৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কিশোরগঞ্জ।
- ০৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ [জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৫। ইউনিয়ন ভূমি সহকারী/ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা.....
- ইউনিয়ন ভূমি অফিস, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ [গণবিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য নির্দেশনা দেয়া হলো]
- ০৬। অফিস কপি।